গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৬.২৭.০০১.২০-৮১৬ তারিখ: ২৭/০৬/২০২১ খ্রি.

**বিষয়: ৬ষ্ঠ থেকে ৯ম শ্রেণি পর্যন্ত এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ (নবম সপ্তাহের জন্য) প্রেরণ সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিত জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এর ২৩/০৬/২০২১ খ্রি. তারিখের ৩৭.০২.০০০০.১০৬.২৭.০০১.২০-৭৮৮ নং স্মারকে জারীকৃত পত্র অনুসরণপূর্বক এ্যাসাইনমেন্ট বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। এছাড়া নিম্নোক্ত ছক মোতাবেক ৩০/০৬/২০২১ খ্রি. তারিখের মধ্যে তথ্য সংগ্রহ করে আঞ্চলিক উপপরিচালকগণ সংরক্ষণপূর্বক মাউশি অধিদপ্তর-কে অবহিত করবেন।

**ছক (এক্সেল ফরমেট)**

শিক্ষা প্রতিষ্ঠানের নাম, EIIN ও ঠিকানা:
ই-মেইল নং-
মোবাইল নং-

| ক্রমিক নং | ৬ষ্ঠ থেকে ৯ম শ্রেণির মোট শিক্ষার্থীর সংখ্যা (শ্রেণি ভিত্তিক) | .... সপ্তাহের এ্যাসাইনমেন্ট গ্রহণকারী শিক্ষার্থীর মোট সংখ্যা | .... সপ্তাহের এ্যাসাইনমেন্ট জমাদানকারী শিক্ষার্থীর মোট সংখ্যা | .... সপ্তাহের এ্যাসাইনমেন্ট জমাদান করেনি এমন শিক্ষার্থীর মোট সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|

এমতাবস্থায়, ৬ষ্ঠ থেকে ৯ম শ্রেণির নবম সপ্তাহের এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ সকল শিক্ষার্থীদের প্রদান ও গ্রহণের ক্ষেত্রে যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সংযুক্ত:** এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ (নবম সপ্তাহের জন্য)

২৭.০৬.২০২১
**(প্রফেসর মোহাম্মদ বেলাল হোসাইন)**
পরিচালক (মাধ্যমিক)
ফোন: ০২-৪১০৫০২৮৫

**বিতরণ:**

১। উপপরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল
২। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা
৩। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল উপজেলা/থানা
৪। অধ্যক্ষ/প্রধান শিক্ষক....................................

**অনুলিপি ও সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. জেলা প্রশাসক, সকল জেলা
৩. সিনিয়র সিস্টেম এনালিষ্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
[এ্যাসাইনমেন্টটি মাউশি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
৪. উপজেলা নির্বাহী অফিসার, সকল উপজেলা
৫. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
৬. সংরক্ষণ নথি

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৬ষ্ঠ** **বিষয়: বাংলা**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠনম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-৩ | নীল নদ আর পিরামিডের দেশ (গদ্য) | পাঠ নম্বর: ০৩<br><br>নীল নদ আর পিরামিডের দেশ (ভ্রমণ কাহিনি) | নিজের ভ্রমণের অভিজ্ঞতা অথবা কারো কাছ থেকে শোনা একটি ভ্রমণ কাহিনির বর্ণনা দিয়ে ১৫০ শব্দের মধ্যে একটি নিবন্ধ রচনা কর। | তোমার পাঠ্য বইয়ের ১৪ পৃষ্ঠার নীল নদ আর পিরামিডের দেশ নামক ভ্রমণ কাহিনিটি পড়বে। | ১. বিষয়বস্তুর সঠিকতা ও ধারাবাহিকতা, তথ্য, তত্ত্ব, ধারণা ইত্যাদি পাঠ্যপুস্তকের সাথে সঙ্গতিপূর্ণ এবং লেখায় লক্ষণীয়মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা থাকলে- **অতি উত্তম**<br><br>২. বিষয়বস্তুর সঠিকতা ও ধারাবাহিকতা, তথ্য, তত্ত্ব, ধারণা ইত্যাদি পাঠ্যপুস্তকের সাথে সঙ্গতিপূর্ণ এবং লেখায় আংশিক নিজস্বতা ও সৃজনশীলতা থাকলে– **উত্তম**<br><br>৩. বিষয়বস্তুর সঠিকতা থাকলেও ধারাবাহিকতার অভাব, তথ্য, তত্ত্ব, ধারণা ইত্যাদি পাঠ্যপুস্তকের সাথে আংশিকভাবে সঙ্গতিপূর্ণ এবং লেখায় সামান্যমাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা থাকলে– ভালো<br><br>৪. বিষয়বস্তুর সঠিকতা ও ধারাবাহিকতা, তথ্য, তত্ত্ব, ধারণা ইত্যাদি পাঠ্যপুস্তকের সাথে সঙ্গতিপূর্ণ নয় এবং লেখায় নিজস্বতা ও সৃজনশীলতার অভাব থাকলে– অগ্রগতি প্রয়োজন |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৭ম** **বিষয়: বাংলা**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠনম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স | |
|---|---|---|---|---|---|---|
| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-৩ | পদ্য | আমার বাড়ি<br>জসীম উদ্‌দীন | সাহিত্য পর্যালোচনা<br>'আমার বাড়ি' কবিতায় বন্ধুকে আপ্যায়নের জন্য কী কী আয়োজন ও খাবারের কথা উল্লেখ আছে? কবিতায় বর্ণিত আপ্যায়নের সাথে বর্তমান সময়ের অতিথি আপ্যায়নের সাদৃশ্য/বৈসাদৃশ্য নিজের পারিবারিক অভিজ্ঞতার আলোকে লিখ। | পাঠ্যপুস্তক ও নিজের অভিজ্ঞতার সমন্বয়ে লিখবে | অতি উত্তম | ১.বিষয়বস্তুর সঠিকতা<br>২. অভিজ্ঞতার বর্ণনা<br>৩. বানান শুদ্ধতা<br>৪. মৌলিকতা/ নিজস্বতা |
| | | | | | উত্তম | ১টির ক্ষেত্রে ঘাটতি |
| | | | | | ভালো | ২-৩টির ক্ষেত্রে ঘাটতি |
| | | | | | অগ্রগতি প্রয়োজন | সকলক্ষেত্রেই ঘাটতি |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৮ম** **বিষয়: বাংলা**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-৩ | কবিতা | **'দুই বিঘা জমি'**<br>রবীন্দ্রনাথ ঠাকুর | **বর্ণনাধর্মী গদ্যে রূপান্তর:**<br>বিদীর্ণ হিয়া ফিরিয়া ফিরিয়া চারি দিকে চেয়ে দেখি<br>...<br>ঝুঁটি-বাঁধা উড়ে সপ্তম সুরে পাড়িতে লাগিল গালি।<br><br>'দুই বিঘা জমি' কবিতাটির উক্ত পঙক্তিগুলো (৪৯-৬২) গদ্যে রূপান্তর | 'দুই বিঘা জমি' কবিতা, শব্দার্থ ও টীকা, পাঠ-পরিচিতি পড়ে প্রয়োজনীয় তথ্য পাওয়া যেতে পারে। | **ক. অতি উত্তম**<br>১. বিষয়বস্তুর সঠিকতা ও ধারাবাহিকতা,<br>২.তথ্য, তত্ত্ব, ধারণা, সূত্র ইত্যাদি বিষয়বস্তুর সাথে সঙ্গতিপূর্ণ<br>৩. লেখায় লক্ষ্যণীয় মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা<br>৪. সার্থক বাক্যের যথাযথ প্রয়োগ )<br><br>**খ. উত্তম**<br>(১. বিষয়বস্তুর সঠিকতা ও ধারাবাহিকতা,<br>২.তথ্য, তত্ত্ব, ধারণা, সূত্র ইত্যাদি বিষয়বস্তুর সাথে সঙ্গতিপূর্ণ<br>৩. লেখায় সামান্য মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা<br>৪. সার্থক বাক্য ব্যবহারে ঘাটতি)<br><br>**গ. ভালো**<br>(১. বিষয়বস্তুর সঠিকতা থাকলেও ধারাবাহিকতার অভাব,<br>২.লেখায় তথ্য, তত্ত্ব, ধারণা, সূত্র ইত্যাদি বিষয়বস্তুর সাথে আংশিকভাবে সঙ্গতিপূর্ণ<br>৩. লেখায় সামান্য মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা<br>৪. সার্থক বাক্য ব্যবহারে ঘাটতি)<br><br>**ঘ. অগ্রগতি প্রয়োজন**<br>১. বিষয়বস্তুর সঠিকতা ও ধারাবাহিকতার অভাব,<br>২.লেখায় তথ্য, তত্ত্ব, ধারণা, সূত্র ইত্যাদি বিষয়বস্তুর সাথে সঙ্গতিপূর্ণ নয়।<br>৩. লেখায় নিজস্বতা ও সৃজনশীলতার অভাব<br>৪. সার্থক বাক্য ব্যবহারে ঘাটতি) |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৬ষ্ঠ** **বিষয়: বিজ্ঞান**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-২ | দ্বিতীয় অধ্যায়: জীবজগৎ | পাঠ-১:<br>জীবের প্রধান প্রধান বৈশিষ্ট্য<br><br>পাঠ-২:<br>জীবজগতের শ্রেণিকরণ<br><br>পাঠ-৩:<br>অসপুষ্পক উদ্ভিদ<br><br>পাঠ-৬:<br>সপুষ্পক উদ্ভিদ<br><br>পাঠ-৭:<br>আবৃতবীজী উদ্ভিদ<br><br>পাঠ-৮ :<br>অমেরুদন্ডী ও মেরুদণ্ডী প্রাণী<br><br>পাঠ-৯-১০:<br>অমেরুদণ্ডী ও মেরুদণ্ডী প্রাণীর বৈশিষ্ট্য | তোমার চারপাশে দেখা বিভিন্ন শ্রেণিভুক্ত দশটি প্রাণীর নাম বাছাই করে ছকে শ্রেণিবিন্যাস কর। মানবজীবনে এদের গুরুত্ব উল্লেখ করে এদের সম্পর্কে সচেতনতা বৃদ্ধির জন্য কী কী পদক্ষেপ নেয়া যায়- এ লক্ষ্যে একটি প্রতিবেদন তৈরি কর। | শিক্ষার্থীরা প্রাণীর নামগুলো লিখে শ্রেণি বিন্যাস করবে। মানব জীবনে এই প্রাণীগুলোর গুরুত্ব উল্লেখপূর্বক এদের সম্পর্কে সচেতনতা বৃদ্ধির জন্য প্রতিবেদন তৈরি করবে। | **অতিউত্তম:**<br>১. ছকে শ্রেণিকরণের সঠিকতা<br>২. তথ্য, ধারণা সঠিকভাবে উপস্থাপন<br>৩. লেখায় লক্ষ্যণীয়মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা<br><br>**উত্তম:**<br>১. ছকে শ্রেণিকরণের সঠিকতা<br>২. তথ্য, ধারণা উপস্থাপন অধিকাংশ সঙ্গাতিপূর্ণ<br>৩. লেখায় নিজস্বতা ও সৃজনশীলতা<br><br>**ভালো:**<br>১. ছকে শ্রেণিকরণের সঠিকতা<br>২. তথ্য, ধারণা উপস্থাপন আংশিক সঙ্গাতিপূর্ণ<br>৩. লেখায় আংশিক নিজস্বতা ও সৃজনশীলতা<br><br>**অগ্রগতি প্রয়োজন:**<br>১. ছকে শ্রেণিকরণের অভাব<br>২. তথ্য, ধারণা উপস্থাপন অসংগতিপূর্ণ<br>৩. লেখায় নিজস্বতা ও সৃজনশীলতার অভাব |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৭ম** **বিষয়: বিজ্ঞান**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-২ | দ্বিতীয় অধ্যায়: উদ্ভিদ ও প্রাণীর কোষীয় সংগঠন | পাঠ-১-২:<br>একটি উদ্ভিদ কোষের বর্ণনা<br><br>পাঠ-৩-৫:<br>কোষ অঙ্গাণুগুলোর পরিচয়<br><br>পাঠ-৬-৭:<br>উদ্ভিদ টিস্যুর বৈশিষ্ট্য ও কাজ<br><br>পাঠ-৮-১০:<br>প্রানীটিস্যুর বৈশিষ্ট্য ও কাজ<br><br>পাঠ-১১:<br>যোজক টিস্যু | ১। একটি প্রাণিকোষ ও একটি উদ্ভিদকোষ এর চিহ্নিত চিত্র অংকন করে উপস্থাপন কর।<br><br>২। মানবদেহের কোন কোন অংগানু ঐচ্ছিক পেশি এবং অনৈচ্ছিক পেশি তার একটি তালিকা তৈরী কর এবং খাতায় লিপিবদ্ধ কর।<br><br>৩। প্রাণিদেহের যে কলা উদ্দীপনায় সাড়া দিয়ে উপযুক্ত প্রতিবেদন সৃষ্টি করতে পারে সেই কোষটির সচিত্র বর্ণনা কর। | ১। শিক্ষার্থীরা পোষ্টার/ খাতায় উদ্ভিদ ও প্রাণিকোষের চিত্রাংকন শিখবে।<br><br>২। মানবদেহের কোন অঙ্গানুগুলো ঐচ্ছিক পেশি ও কোন অঙ্গানুগুলো অনৈচ্ছিক পেশি দ্বারা গঠিত তা জানতে হবে।<br><br>৩। প্রাণিদেহের স্নায়ুকোষ সম্পর্কে ধারণা নিবে। | **অতি উত্তম:**<br>১। ৩টি প্রশ্নের উত্তর সঠিক ও ধারাবাহিকভাবে লেখা।<br>২। প্রশ্নের উত্তরে তথ্য,তত্ত্ব ও ধারণা পাঠ্যপুস্তকের সাথে সম্পূর্ণ সঙ্গতিপূর্ণ হলে।<br>৩। প্রশ্নের উত্তরে শিক্ষার্থীর নিজস্বতা ও সৃজনশীলতা থাকলে।<br>**উত্তম:**<br>১। ২টি প্রশ্নের উত্তর সঠিক ও ধারাবাহিকভাবে লেখা।<br>২। ২টি প্রশ্নের উত্তরে তথ্য, তত্ত্ব ও ধারণা পাঠ্যপুস্তকের সাথে সম্পূর্ণ সঙ্গতিপূর্ণ হলে।<br>৩। ২টি প্রশ্নের উত্তরে শিক্ষার্থীর নিজস্বতা ও সৃজনশীলতা থাকলে।<br>**ভাল:**<br>১। ৩টি প্রশ্নের উত্তর সঠিক থাকলে ও ধারাবাহিকতার অভাব থাকলে।<br>২। ৩টি প্রশ্নের উত্তরে তথ্য, তত্ত্ব ও ধারণা আংশিকভাবে সঙ্গাতিপূর্ণ হলে।<br>৩। প্রশ্নের উত্তরে শিক্ষার্থীর সামান্য মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা থাকলে।<br>**অগ্রগতি প্রয়োজন:**<br>১। ৩টি প্রশ্নের উত্তর সঠিকতা ও ধারাবাহিকতার অভাব থাকলে।<br>২। ৩টি প্রশ্নের উত্তরে তথ্য, তত্ত্ব ও ধারণার সঙ্গাতির অভাব হলে।<br>৩। প্রশ্নের উত্তরে শিক্ষার্থীর নিজস্বতা ও সৃজনশীলতা না থাকলে। |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৮ম** **বিষয়: বিজ্ঞান**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-২ | তৃতীয় অধ্যায়: ব্যাপন, অভিস্রবণ ও প্রস্বেদন | পাঠ ১-২ : ব্যাপন<br>পাঠ -৩ : অভিস্রবণ<br>পাঠ ৪ : অভিস্রবণের গুরুত্ব<br>পাঠ -৬ : প্রস্বেদন<br>পাঠ -৭ : প্রস্বেদনের গুরুত্ব | তোমার প্রতিদিনের পর্যবেক্ষণ থেকে ব্যাপন ও অভিস্রবণের দুটি করে ঘটনা উল্লেখ কর। ব্যাপন ও অভিস্রবণ প্রক্রিয়ার থেকে যে কোনো একটির জন্য পরীক্ষণ সম্পন্ন করে সম্পূর্ণ প্রক্রিয়াটি ধারাবাহিকভাবে লিখ।<br>সংকেত:<br>ক) ব্যাপন এর বৈশিষ্ট্য<br>খ) অভিস্রবনের বৈশিষ্ট্য<br>গ) ব্যাপন ও অভিস্রবণের পরীক্ষণ (ছোলা পানিতে ভেজান, রান্নার গন্ধ ছড়িয়ে পড়া, ফুড কালার পানিতে ছড়িয়ে পড়া এরূপ বিষয় পর্যবেক্ষণ) | • পাঠ্যপুস্তকের ৩য় অধ্যায়ের ১-৪ পাঠ থেকে আহরিত জ্ঞানকে পরিবেশের সাথে সংযুক্ত করে এই এ্যাসাইনমেন্ট সম্পন্ন করতে হবে।<br>• সহজলভ্য উপকরণ সংগ্রহ করে পরীক্ষণটি করতে হবে।<br>• পরীক্ষণটি যাতে ঝুকিপূর্ণ না হয় সেটি বিবেচনায় রাখতে হবে। | **অতি উত্তম:**<br>• ব্যাপন ও অভিস্রবণের ২টি করে মোট ৪টি ঘটনা নির্ভুলভাবে উল্লেখ করা<br>• সবগুলোর বৈশিষ্ট্য পর্যবেক্ষণ যথার্থ<br>• পরীক্ষণ নির্বাচনে স্বকীয়তা<br>• সম্পন্নকৃত পরীক্ষণ পরিপূর্ণমাত্রায় সৃজনশীল ও ধারাবাহিকভাবে উপস্থাপন<br>**উত্তম:**<br>• ব্যাপন ও অভিস্রবণের মোট ৩টি ঘটনা নির্ভুলভাবে উল্লেখ করা<br>• অধিকাংশ বৈশিষ্ট্য পর্যবেক্ষণ যথার্থ<br>• পাঠ্যপুস্তকের পরীক্ষণ নির্বাচন ও সুচারুরূপে সম্পন্নকরণ<br>• অধিকাংশ ক্ষেত্রে সৃজনশীল ও ধারাবাহিকভাবে সম্পন্নকৃত পরীক্ষণ উপস্থাপন<br>**ভালো:**<br>• ব্যাপন ও অভিস্রবণের ১টি করে ঘটনা বা যে কোনো প্রক্রিয়ার ২টি ঘটনা নির্ভুলভাবে উল্লেখ করা<br>• অর্ধেক এর বেশি বৈশিষ্ট্য পর্যবেক্ষণ যথার্থ<br>• পাঠ্যপুস্তকের পরীক্ষণ নির্বাচন ও পরীক্ষণের অনেকাংশ সম্পন্নকরণ<br>• সীমিত মাত্রায় সৃজনশীল ও ধারাবাহিকভাবে সম্পন্নকৃত পরীক্ষণ উপস্থাপন পরীক্ষণ<br>**অগ্রগতি প্রয়োজন:**<br>• অন্তত ১টি নির্ভুলভাবে চিহ্নিত করে উল্লেখ করা<br>• সীমিত সংখ্যক বৈশিষ্ট্য পর্যবেক্ষণ যথার্থ<br>• পরীক্ষণটি আংশিক সম্পন্ন করেছে<br>• উপস্থাপনে ধারাবাহিকতার অভাব |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৯ম** **বিষয়: পদার্থ বিজ্ঞান**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-২ | প্রথম অধ্যায়: ভৌতরাশি এবং পরিমাপ | ১.১ পদার্থ বিজ্ঞান<br>১.২ পদার্থ বিজ্ঞানের পরিসর<br>১.৩ পদার্থ বিজ্ঞানের ক্রমবিকাশ<br>১.৩.১ আদি পর্ব (গ্রিক, ভারতবর্ষ, চীন এবং মুসলিম সভ্যতার অবদান)<br>১.৩.২ বিজ্ঞানের উত্থান পর্ব<br>১.৩.৩ আধুনিক পদার্থ বিজ্ঞানের সূচনা<br>১.৩.৪ সাম্প্রতিক পদার্থ বিজ্ঞান<br>১.৪ পদার্থ বিজ্ঞানের উদ্দেশ্য<br>১.৪.১ প্রকৃতির রহস্য উদঘাটন<br>১.৪.২ প্রকৃতির নিয়মগুলো জানা<br>১.৪.৩ প্রাকৃতিক নিয়ম ব্যবহার করে প্রযুক্তির বিকাশ<br>১.৫ ভৌতরাশি এবং তার পরিমাপ<br>১.৫.১ পরিমাপের একক<br>১.৫.২ উপসর্গ বা গুণিতক<br>১.৫.৩ মাত্রা<br>১.৫.৪ বৈজ্ঞানিক প্রতীক ও সংকেত<br>১.৬ পরিমাপের যন্ত্রপাতি<br>১.৬.১ স্কেল<br>১.৬.২ ব্যালান্স (ভর মাপার যন্ত্র)<br>১.৬.৩ থামা ঘড়ি<br>১.৭ পরিমাপের ত্রুটি ও নির্ভুলতা | পদার্থ বিজ্ঞানের ক্রমবিকাশ কীভাবে ঘটেছে তা নিয়ে একটি প্রতিবেদন রচনা কর। | পাঠ্যবই, বিজ্ঞান সাময়িকী, ইন্টারনেট ও অন্যান্য উৎস থেকে তথ্য সংগ্রহ করবে। | অতি উত্তম:<br>১। পরিপূর্ণ মাত্রায় ধারবাহিকতা ও নির্ভূল তথ্য প্রদান<br>২। নান্দনিক উপস্থাপন<br>৩। উপস্থাপনায় নিজস্বতা<br><br>উত্তম:<br>১। অধিকাংশ ক্ষেত্রে ধারাবাহিকতা বজায় ও নির্ভূল তথ্য প্রদান<br>২। অধিকাংশ ক্ষেত্রে উপস্থাপনায় নিজস্বতা<br><br>ভাল:<br>১। গ্রহনযোগ্য মাত্রায় উপস্থাপন<br><br>অগ্রগতি প্রয়োজন:<br>১। আংশিক মাত্রায় কাজের ধারবাহিকতা<br>২। আংশিক উপস্থাপন<br>৩। উপস্থাপনায় কৃত্রিমতা |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৯ম** **বিষয়: হিসাব বিজ্ঞান**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-২ | দ্বিতীয় অধ্যায়: লেনদেন | • লেনদেনের ধারণা।<br>• লেনদেনের প্রকৃতি বা বৈশিষ্ট্য।<br>• লেনদেন চিহ্নিতকরণ।<br>• হিসাব সমীকরণ।<br>• ব্যবসায়িক লেনদেনের উৎস এবং এ সংক্রান্ত দলিলপত্রাদি। | ❖ কাল্পনিক তিনটি (মূলধন আনায়ন সংক্রান্ত , সম্পত্তি ক্রয় সংক্রান্ত, খরচ প্রদান সংক্রান্ত) লেনদেন লেখ এবং হিসাবখাত উল্লেখ করে হিসাব সমীকরণে প্রভাব একটি ছকে উপস্থাপন কর।<br>❖ তোমার পরিবারের ৫টি লেনদেন ও ৫টি লেনদেন নয় এমন ঘটনা উল্লেখ কর। | ❖ পাঠ্যবইয়ের সংশ্লিষ্ট বিষয়গুলো সম্পর্কে ধারণা নেওয়া।<br>❖ প্রয়োজন হলে মোবাইল বা ভার্চুয়াল মিডিয়ার মাধ্যমে বিষয় শিক্ষকের স্মরণাপন্ন হওয়া<br>❖ পিতা-মাতার সহায়তা নেয়া<br>❖ ইন্টারনেট এর মাধ্যমে গুগল ও ইউটিউবের সহায়তা নেয়া।<br>❖ সম্ভব হলে একাদশ-দ্বাদশ শ্রেণির হিসাব বিজ্ঞান বইয়ের সহয়তা নেয়া যেতে পারে। | অতি উত্তম:<br>বিষয়বস্তু বুঝে প্রতিটি লেনদেন যথাযথভাবে ছকে উপস্থাপন করতে পারলে ও উপস্থাপনায় নান্দনিকতা থাকলে।<br><br>উত্তম:<br>কোনো একটি ত্রুটিসহ ছকে উপস্থাপন করলে।<br><br>ভালো:<br>শিক্ষার্থীর ধারণা ঠিক আছে কিন্তু যথাযথভাবে উপস্থাপন করতে পারেনি। তবে শিক্ষার্থী চেষ্টা করেছে এমন ধারণা পাওয়া গেলে।<br><br>অগ্রগতি প্রয়োজন:<br>শিক্ষার্থীর বিষয়বস্তুর ধারণা স্পষ্ট না থাকলে বা বিচ্ছিন্নভাবে উপস্থাপন করলে। |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৯ম** **বিষয়: বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-২ | দ্বিতীয় অধ্যায়: বিশ্বসভ্যতা (মিশর, সিন্ধু, গ্রিক ও রোম) | • মিশরীয় সভ্যতা<br>• সিন্ধুসভ্যতা,<br>• গ্রিকসভ্যতা<br>• রোমান সভ্যতা | ২। 'বিশ্বসভ্যতা বিকাশে গ্রিক ও রোমান সভ্যতার ভূমিকা'- শীর্ষক একটি প্রতিবেদন রচনা কর। (২৫০-৩০০ শব্দ) | ১। উইকিপিডিয়া ও বাংলাপিডিয়াসহ সভ্যতার ইতিহাস সংক্রান্ত যে কোনো বইয়ের সাহায্য নেওয়া যেতে পারে।<br>২। সভ্যতা দু'টোর তথ্য ও ছবি বিভিন্ন পত্রিকা, বই, গুগল এবং ইউটিউবের সহায়তায় সংগ্রহ করে প্রতিবেদনে সংযোজন করা যেতে পারে। | **অতি উত্তম:**<br>১। বিষয়বস্তুর যথার্থতা ও ধারাবাহিকতা<br>২। তথ্য ও ধারণা বিষয়বস্তুর সাথে সঙ্গতিপূর্ণ<br>৩। লক্ষণীয় মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা<br><br>**উত্তম:**<br>১। অধিকাংশ ক্ষেত্রে বিষয়বস্তুর যথার্থতা ও ধারাবাহিকতা<br>২। তথ্য ও ধারণা বিষয়বস্তুর সাথে অধিকাংশ ক্ষেত্রেই সঙ্গতিপূর্ণ<br>৩। আংশিক নিজস্বতা ও সৃজনশীলতা<br><br>**ভালো:**<br>১। বিষয়বস্তুর যথার্থতা থাকলে ও ধারাবাহিকতার অভাব<br>২। তথ্য ও ধারণা আংশিক সঙ্গতিপূর্ণ<br>৩। সামান্য মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা<br><br>**অগ্রগতি প্রয়োজন:**<br>১। বিষয়বস্তুর যথার্থতা ও ধারাবাহিকতার অভাব<br>২। তথ্য ও ধারণার সঙ্গতির অভাব<br>৩। নিজস্বতা ও সৃজনশীলতার অভাব |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৯ম** **বিষয়: জীব বিজ্ঞান**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-২ | দ্বিতীয় অধ্যায়: জীবকোষ ও টিস্যু | • জীবকোষ<br>• উদ্ভিদ ও প্রাণিকোষের প্রধান অঙ্গানু এবং তাদের কাজ<br>• উদ্ভিদ ও প্রাণীর কাজ পরিচালনায় বিভিন্ন প্রকার কোষের ভূমিকা<br>• উদ্ভিদ টিস্যু<br>• প্রাণি টিস্যু<br>• অঙ্গ ও তন্ত্র<br>• অণুবীক্ষণ যন্ত্র | কাগজ, সুতা এবং রং ব্যবহার করে একটি আদর্শ উদ্ভিদকোষের মডেল প্রস্তুত কর। | ১। ১৮ ইঞ্চি দৈর্ঘ্য ও ১২ ইঞ্চি প্রস্থের শক্ত সাদা কাগজ ব্যবহার করবে।<br>২। সহজলভ্য সুতা ও রং ব্যবহার করে কাজটি করবে।<br>৩। অঙ্গানুসমূহ সঠিকভাবে চিহ্নিত করতে হবে।<br>৪। নিজ পাঠ্যপুস্তকসহ প্রয়োজনে উপরের বা নিচের শ্রেণির পাঠ্যপুস্তকের সাহায্য নেওয়া যেতে পারে।<br>৫। পচনশীল কোনো বস্তু ব্যবহার করা যাবে না। | অতি উত্তম:<br>১। উদ্ভিদ ও প্রাণীর পার্থক্য নির্দেশকারী অঙ্গানুসহ সব অঙ্গানুর সঠিক উপস্থাপন<br>২। লক্ষণীয় মাত্রায় নান্দনিক<br>৩। লক্ষণীয় মাত্রায় সৃজনশীল<br><br>উত্তম:<br>১। উদ্ভিদ ও প্রাণীর পার্থক্য নির্দেশকারী অঙ্গানুসহ অধিকাংশ অঙ্গানুর সঠিক উপস্থাপন<br>২। অধিকাংশ ক্ষেত্রে নান্দনিক<br>৩। অধিকাংশ ক্ষেত্রে সৃজনশীল<br><br>ভালো:<br>১। উদ্ভিদ ও প্রাণীর পার্থক্য নির্দেশকারী আংশিক অঙ্গানুর সঠিক উপস্থাপন<br>২। উপস্থাপনায় নান্দনিকতার কিছুটা ঘাটতি<br>৩। সৃজনশীলতার ঘাটতি<br><br>অগ্রগতি প্রয়োজন:<br>১। অঙ্গানুসমূহের সঠিকভাবে চিহ্নিত করতে না পারা<br>২। উপস্থাপনায় নান্দনিকতার অভাব<br>৩। সৃজনশীলতার অভাব |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৯ম** **বিষয়: ফিন্যান্স ও ব্যাংকিং**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-২ | প্রথম অধ্যায়: অর্থায়ন ও ব্যবসায় অর্থায়ন | ১.১ অর্থায়নের ধারণা<br>১.২ অর্থায়নের ক্রমোন্নয়নের ধারা<br>১.৩ অর্থায়নের শ্রেণিবিভাগ<br>১.৪ ব্যবসায় অর্থায়নের গুরুত্ব<br>১.৫ ব্যবসায় অর্থায়নের নীতি<br>১.১ ১.৬ আর্থিক ব্যবস্থাপকের কার্যাবলি | প্রতিবেদন প্রণয়ন:<br>কেস স্টাডি :<br>X লিমিটেড ,Y লিমিটেড ও Z লিমিটেড তিনটি একই ধরনের ব্যবসায় প্রতিষ্ঠান। X লিমিটেড এর অধিক মুনাফা অর্জন হলেও পাওনাদারদের দাবী মেটাতে প্রায়শই বিরোধ সৃষ্টি হয়। Y লিমিটেড এর আয়ের তুলনায় মূলধন খরচ অধিক। Z লিমিটেড অন্যান্য বছর ভালো মুনাফা অর্জন করলেও কোভিড -১৯ পরিস্থিতিতে ব্যবসায়টি বন্ধ হওয়ার উপক্রম হয়েছে।<br>• কেস স্টাডিটির ভিত্তিতে একটি প্রতিবেদন প্রণয়ন কর।<br>(প্রতিবেদনে ভূমিকা, অর্থায়নের নীতির ব্যাখ্যা, কোন প্রতিষ্ঠানে কোন নীতির ব্যত্যয় ঘটেছে তার পূর্ণাঙ্গ বর্ণনা এবং আর্থিক ব্যবস্থাপনার জন্য যথাযথ সুপারিশ ও উপসংহার থাকবে।) | ➢ পাঠ্যবইয়ে প্রদত্ত ছক থেকে চার্ট তৈরিতে প্রয়োজনীয় উৎসসমূহ উল্লেখ করতে হবে।<br>➢ আধুনিকায়নে এবং দৈনন্দিন পরিচালনায় উৎসের শ্রেণি পৃথকভাবে উপস্থাপন করতে হবে। | অতি উত্তম:<br>➢ ব্যবসায়ের আধুনিকায়ন ও দৈনন্দিন পরিচালনার সাথে তহবিলের উৎসের যথাযথ সম্পর্ক স্থাপন।<br>➢ বিষয়বস্তুর সাথে অর্থায়নের যথাযথ উৎস চিহ্নিতকরণ।<br>➢ চার্ট তৈরিতে শিক্ষার্থীর স্বকীয়তা ও নির্ভুলতা।<br><br>উত্তম:<br>➢ ব্যবসায়ের আধুনিকায়ন ও দৈনন্দিন পরিচালনার সাথে তহবিলের উৎসের যথাযথ সম্পর্ক স্থাপনে বিচ্যুতি।<br>➢ বিষয়বস্তুর সাথে অর্থায়নের যথাযথ উৎস চিহ্নিতকরণ।<br>➢ তালিকা তৈরিতে শিক্ষার্থীর স্বকীয়তা ও নির্ভুলতা।<br><br>ভালো:<br>➢ ব্যবসায়ের আধুনিকায়ন ও দৈনন্দিন পরিচালনার সাথে তহবিলের উৎসের যথাযথ সম্পর্ক স্থাপনে বিচ্যুতি।<br>➢ বিষয়বস্তুর সাথে অর্থায়নের যথাযথ উৎস আংশিক চিহ্নিতকরণ।<br>➢ চার্ট তৈরিতে শিক্ষার্থীর স্বকীয়তা ও নির্ভুলতা।<br><br>অগ্রগতি প্রয়োজন:<br>➢ ব্যবসায়ের আধুনিকায়ন ও দৈনন্দিন পরিচালনার সাথে তহবিলের উৎসের যথাযথ স্থাপনে বিচ্যুতি।<br>➢ বিষয়বস্তুর সাথে অর্থায়নের যথাযথ উৎস আংশিক চিহ্নিতকরণ।<br>➢ চার্ট তৈরিতে শিক্ষার্থীর স্বকীয়তা ও সঠিকতার অভাব। |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৯ম** **বিষয়: পৌরনীতি ও নাগরিকতা**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-২ | প্রথম অধ্যায়: পৌরনীতি ও নাগরিকতা | -পৌরনীতি ও নাগরিকতা<br>-পৌরনীতি ও নাগরিকতা বিষয়ের পরিসর বা বিষয়বস্তু<br>-পরিবার, পরিবারের শ্রেণিবিভাগ<br>-পরিবারের কার্যাবলী<br>-সমাজ<br>-রাষ্ট্র<br>-রাষ্ট্রের উৎপত্তি<br>-সরকারের ধারণা<br>-রাষ্ট্র ও সরকারের সম্পর্ক | 'রাষ্ট্রের উৎপত্তি ও রাষ্ট্র গঠনের উপাদান'- এই শিরোনামে নিম্নের সংকেত অনুসরণ করে সর্বোচ্চ ৩০০ শব্দের মধ্যে একটি প্রবন্ধ লিখ।<br><br>সংকেত:<br>১। রাষ্ট্রের উৎপত্তি সম্পর্কে তোমার দৃষ্টিতে অধিক গ্রহণযোগ্য মতবাদ<br>২। মতবাদটি অধিক গ্রহণযোগ্য মনে হওয়ার যৌক্তিক কারণ<br>৩। রাষ্ট্র গঠনের উপাদান সমূহ<br>৪। তোমার দৃষ্টিতে রাষ্ট্রের সবচেয়ে গুরুত্বপূর্ণ উপাদান<br>৫। উক্ত উপাদানটি সবচেয়ে গুরুত্বপূর্ণ মনে হওয়ার যৌক্তিক ব্যাখ্যা | ১।পাঠ্যপুস্তকের পাশাপাশি অন্য বইএর সহায়তা নেয়া যেতে পারে<br>২।পত্র-পত্রিকা থেকে তথ্য সংগ্রহ করা যেতে পারে<br>৩।ইন্টারনেটের সাহায্য নেয়া যেতে পারে | **অতি উত্তম:**<br>১। বিষয়বস্তু যথার্থ ও ধারাবাহিক<br>২। সঠিক তথ্য উপস্থাপন<br>৩। উপস্থাপনায় নিজস্বতা ও সৃজনশীলতা বিদ্যমান<br><br>**উত্তম:**<br>১। অধিকাংশ ক্ষেত্রে বিষয়বস্তু যথার্থ ও ধারাবাহিক<br>২। অধিকাংশ সঠিক তথ্য উপস্থাপন<br>৩। উপস্থাপনায় আংশিকক্ষেত্রে নিজস্বতা ও সৃজনশীলতা বিদ্যমান<br><br>**ভাল:**<br>১। বিষয়বস্তুর যথার্থতা ও ধারাবাহিকতার অভাব<br>২। আংশিক সঠিক তথ্য উপস্থাপন<br>৩। উপস্থাপনায় নিজস্বতা ও সৃজনশীলতার অভাব<br><br>**অগ্রগতির প্রয়োজন:**<br>১। বিষয়বস্তু যথার্থ ও ধারাবাহিক ভাবে বিন্যস্ত নয়<br>২। তথ্য উপস্থাপনায় সঠিকতার অভাব<br>৩। উপস্থাপনায় নিজস্বতা ও সৃজনশীলতার অনুপস্থিতি |